

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়

জায়গা নং ২৭৬ তারিখ ২৯/০৪/২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ টেলিভিশন

সদর দপ্তর, লাইসেন্স শাখা

রামপুরা, ঢাকা-১২১৯।

www.btv.gov.bd



নং-১৫.৫৪.০০০০.০৩০.০৬.০০১.২১-৮৭

তারিখ: ২৯ চৈত্র, ১৪২৮।  
১২ এপ্রিল, ২০২২।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশ গ্রহণে  
অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:


তারিখ	:	২৮ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ
সময়	:	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	:	সভাকক্ষ, বিটিভি, সদর দপ্তর
সভাপতি	:	সোহরাব হোসেন, মহাপরিচালক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভাপতির অনুমতিক্রমে উপস্থিত সকলে তাঁদের স্ব স্ব পরিচয় প্রদান করেন। এরপর কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার সভার এজেন্ডা উপস্থাপন করেন। সভাপতি তাঁকে বিটিভি'র লাইসেন্স শাখায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়টি উপস্থাপনের অনুরোধ জানান।

সভায় নিম্নোক্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে বিস্তারিত তথ্যাদি আগত সেবা প্রত্যাশীদের অবহিত করা হয়:

- লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনত ব্যবস্থা গ্রহণ:  
লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের কর্ম এলাকা বা বাইরে যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কেবল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনা করেন, তবে সংশ্লিষ্ট ব্যক্তির পূর্ণাঙ্গ নাম ঠিকানা {নাম, পিতার নাম, প্রতিষ্ঠানের নাম, প্রতিষ্ঠানের ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল নম্বর (যদি থাকে)} সহকারে মহাপরিচালক বরাবর লিখিত আবেদন দাখিল/প্রেরণ করতে হবে। প্রাপ্ত অভিযোগ যথাযথ প্রক্রিয়ায় তদন্তপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসককে অনুরোধ জানানো হয়।
- বিদেশী স্যাটেলাইট পে-চ্যানেলের বক্স প্রদান না করা হলে-  
লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের মালিক বিদেশী স্যাটেলাইট পে-চ্যানেলের বাংলাদেশের স্থানীয় পরিবেশক কোম্পানীর নিকট হতে পে-চ্যানেলের ডিকোডার/বক্স না পেলে মহাপরিচালক বরাবর লিখিত আবেদন দাখিল/প্রেরণ করতে পারেন। তথ্য যাচাই বাছাই পূর্বক সংশ্লিষ্ট ডিসট্রিবিউটর কোম্পানীকে বিধি মোতাবেক ডিকোডার/বক্স প্রদানের বিষয়ে অনুরোধ করা হয়।
- বাণিজ্যিক টেলিভিশন লাইসেন্স ইস্যু/নবায়ন:  
বাণিজ্যিক টেলিভিশন প্রস্তুত/আমদানী/সংযোজনকারী/বিক্রেতা/মেরামতকারী/খুচরা যন্ত্রাংশ বিক্রেতা ও হোটেল/মোটেল/রেস্টুরেন্টের লাইসেন্স ইস্যু/নবায়নের ক্ষেত্রে আবেদনকারীর কোন বিষয় ব্যত্যয় হলে তিনি বিষয়টি মহাপরিচালক বরাবর লিখিত আবেদন দাখিল/প্রেরণ করতে পারেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(সোহরাব হোসেন)  
মহাপরিচালক

বিতরণ:

উপস্থিত সদস্যবৃন্দ।

অনুলিপি:

০১। উপ-মহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

০৩। পরিচালক (প্রশাসন/অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কোষ-বিবরণী ও সেবাগ্রহীতার প্রয়োজনীয় কার্যসূচী অনুসরণসহ)।

০৫। কার্যালয় নথি।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়  
সিস্টেম এনালিস্ট

প্রেক্ষামার-১	<input type="checkbox"/>	উপস্থাপন করুন
প্রেক্ষামার-২	<input type="checkbox"/>	কথা বলুন
বিএ	<input type="checkbox"/>	তাগিদ দিন

সিনিয়র সিস্টেম এনালিস্ট